

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
অধিশাখা-১২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www. most.gov.bd

নম্বর-৩৯.০০.০০০০.০১২.০০২.০৫.২০- ০৮

তারিখ: ২৬ পৌষ ১৪২৭  
১০ জানুয়ারি ২০২১

প্রাপক: চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ‘জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ কর্মসূচির’ আওতায় নবায়ন গুপের মোট ৫৬ জন ছাত্র-ছাত্রী/গবেষক [এমফিল ০৮ জন = ৭,৯২,০০০/- টাকা, পিএইচডি ৪৮ জন = ১,৪৪,০০,০০০/- টাকা] এর অনুকূলে ২০২০-২০২১ অর্থবছরের ০১/৭/২০২০ খ্রি: তারিখ হতে ৩০/৬/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত ১২ (বার) মাস সময়ের ফেলোশিপ বাবদ মোট ১,৫১,৯২,০০০/- (এক কোটি একাত্ত লক্ষ বিরানব্বই হাজার) টাকা অনুদান প্রদানের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

শর্তাবলি:

(ক) নির্ধারিত ফরমে তিন কপি পূরণকৃত বিল যথাযথভাবে উপসচিব, অধিশাখা-১২, কক্ষ নং-৯১৯, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - এ ঠিকানায় দাখিল করতে হবে। বিল ফরম মন্ত্রণালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে। বিল ফরমের যথাস্থানে সরকারি আদেশ অনুযায়ী সিরিয়াল নং আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

(খ) এমফিল/পিএইচডি পর্যায়ে গবেষকগণ আগামী ২০/০১/২০২১ তারিখের মধ্যে বিল দাখিল করবেন।

(গ) এক কপি বিলের গায়ে ১০/- (দশ) টাকার রেভিনিউ স্ট্যাম্প আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

(ঘ) বিলে আবেদনকারীর স্বাক্ষর, গবেষণা তত্ত্বাবধায়ক ও বিভাগীয় প্রধানের স্বাক্ষর এবং অফিসিয়াল সীল থাকতে হবে।

(ঙ) এমফিল ও পিএইচডি ফেলোগণ তাঁদের বিভাগীয় প্রধানের প্রশংসাপত্র বিলের প্রত্যেক কপিতে সংযুক্ত করবেন। উক্ত প্রশংসাপত্রে ‘গবেষণা কর্মে নিয়োজিত রয়েছেন এবং তাঁর গবেষণা কর্মের অগ্রগতি সন্তোষজনক’ শব্দগুলো আবশ্যিকভাবে লিখিত থাকতে হবে।

(চ) এমফিল/পিএইচডি পর্যায়ে দ্বিতীয় ও তৃতীয় বর্ষের ফেলোগণ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সেমিনারে তাঁদের প্রবন্ধ/গবেষণা এর অগ্রগতি উপস্থাপনের প্রস্তুতি রাখবেন।

২। ২০২০-২০২১ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় ফেলোশিপ কর্মসূচির আওতায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ খাতে (১২০০০৫১০০-৩৮২১১১৭-বৃত্তি/মেধাবৃত্তি) বরাদ্দকৃত অর্থ হতে এ ব্যয় মিটানো হবে।

৩। অর্থ মন্ত্রণালয়ের ১৬-০৮-২০১৫ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) সংখ্যক সরকারি আদেশে প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

  
(খান মোঃ রেজা-উল-নবী)

উপসচিব

ফোন: ৯৫৭৪৪১৯

E-mail: section12@most.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। রেজিস্ট্রার.....(বিশ্ববিদ্যালয়ে

ফেলোশিপপ্রাপ্ত ছাত্র-ছাত্রী/গবেষককে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সিস্টেম ম্যানেজার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। অতিরিক্ত সচিব (বিপ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।